যুগান্তর

JUL 05 2002

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৮

# মুহুরী হত্যা মামলা : মন্টু ও মিন্টু রিমান্ডে

চট্টগ্রাম ব্যুরো

বহুল আলোচিত অধ্যক্ষ গোপালকৃষ্ণ মুহুরী হত্যা মামলায় গ্রেফতারকৃত দুই আসামি দুর্ধর্ষ সন্ত্রাসী তসলিম উদ্দিন মন্টু ও শরীফ উদ্দিন মিন্টুকে পুলিশ রিমান্ডে এনেছে।

রিমান্ডে : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

## রিমান্ডে : মন্টু

(১ম পৃষ্ঠার পর)

গতকাল বৃহস্পতিবার মহানগর হাকিম এএনএম শফিকুল ইসলামের আদালতে হাজির করে মন্টুকে ৭ দিনের এবং মিন্টুকে ৫ দিনের রিমান্ডের আবেদন জানানো হয়। আদালত মন্টুর ৭ দিনের রিমান্ড মঞ্জুর করলেও মিন্টুকে ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এদিকে গোয়েন্দা পুলিশ বলেছে, এই দুই আসামি গ্রেফতার হওয়ায় চাঞ্চল্যকর মুহুরী হত্যা মামলার জট এখন অনেকটা খুলে গেছে। রিমান্ডে এনে দুই আসামিকে জিজ্ঞাসাবাদ করলে এ ব্যাপারে আরও চাঞ্চল্যকর তথ্য পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। এ ছাড়া আগামী ৩ মাসের মধ্যে এ হত্যা মামলার চার্জশিট প্রদান করা সম্ভব হবে বলে মহানগর গোয়েন্দা পুলিশের সহকারী কমিশনার শফিক উদ্দিন যুগান্তরকে জানান। তিনি বলেছেন, মামলায় যাতে কোন ফাঁকফোকড় না থাকে সেজন্যই একটু ধীরেসুস্থে এগুচ্ছেন তারা।

গোয়েন্দা পুলিশ বুধবার ভোর রাতে নগরীর বাকলিয়া থানাধীন ডিসি রোডের জনৈক আবদুল লতিফের বাসা থেকে একে-৫৬ রাইফেল ও বিপুল পরিমাণ গোলাবারুদসহ তসলিম উদ্দিন মন্টুকে গ্রেফতার করে। সে মুহুরী হত্যাকাণ্ডের ঘটনায় সরাসরি অংশ নেয়। অন্যদিকে মঙ্গলবার ভোর রাতে খুলশী থানাধীন সেগুনবাগান এলাকা থেকে গোয়েন্দা পুলিশ এ মামলার অপর আসামি শরীফ উদ্দিন মিন্টুকে গ্রেফতার করে।

গত বছরের ১৬ নভেম্বর নাজিরহাট কলেজের অধ্যক্ষ গোপালকৃষ্ণ মুহুরী দিনের বেলা নগরীতে তার জামালখান রোডের বাসায় খুন হন।

**মীর নাছিরের প্রতিবাদ**

বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সন্ত্রাসী মিন্টু গ্রেফতার সংক্রান্ত সংবাদের একটি অংশে কথিত অস্ত্রধারী সন্ত্রাসী তসলিম উদ্দিন মন্টু নিজেকে ছাত্রদলের কর্মী এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ নাছির উদ্দিনের অনুসারী বলে যে দাবি করেছে, সৌদি আরব সফররত বিমান প্রতিমন্ত্রী তার তীব্র প্রতিবাদ করেছেন। বিমান প্রতিমন্ত্রীর পক্ষে তার রাজনৈতিক সচিব আমিনুল ইসলাম প্রকাশিত সংবাদের প্রতিবাদ করে বলেন, কথিত তসলিম উদ্দিন ওরফে মন্টু কোনকালেই ছাত্রদল ও যুবদলের কর্মী ছিল না। এমনকি তার নামও এ যাবৎকালে শোনা যায়নি। মাননীয় বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ নাছিরের সঙ্গে তার কোন সম্পর্ক নেই।